গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
শুদ্ধাচার শাখা

অভ্যন্তরীণ সম্পদ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সম্পর্কিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	আবু হেনা মোঃ রহমাতুল মুনিম সিনিয়র সচিব
সভার তারিখ	০৭ মার্চ ২০২১।
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা ।
স্থান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও অদ্যকার সভার আলোচ্য বিষয়সমূহ সভায় আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রাতিষ্ঠানিক ব্যবস্থা :

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	নৈতিকতা কমিটির সভা আহবান ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সভাকে অবহিত করা হয়েছে যে, ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী এ বিভাগসহ দপ্তর/সংস্থা কর্তৃক ২য় ত্রৈমাসিকে ১টি করে নৈতিকতা কমিটির সভা আহবান করা হয়েছে এবং নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন করা হয়েছে। সভাপতি শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার কার্যক্রমগুলো সংশ্লিষ্ট সকলের অনুধাবন ও বাস্তবায়নের বিষয়ে গুরত্বারোপ করেন এবং সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।	২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে নিয়মিত নৈতিকতা কমিটির সভা আহবান করতে হবে এবং সভার সিদ্ধান্তসমূহ শতভাগ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে হবে।	১। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর; ২। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড; ৩। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল; ৪। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যাল; ৫। যুগ্মসচিব (শুদ্ধাচার), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন :

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে

০২.	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা আহবান এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।	সভাকে অবহিত করা হয় যে, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে ০১ টি, জাতীয় রাজস্ব বোর্ড এবং জাতীয় সঞ্চয় অধিদপ্তরে ০১টি করে সভা আহবান করা হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত ২য় ত্রৈমাসিকে লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ বাস্তবায়ন করা হয়েছে।	২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (stakeholder) অংশগ্রহণে নিয়মিত সভা আহবান এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ধারা অব্যাহত রাখতে হবে।	১। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর; ২। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড; ৩। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল; ৪। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যাল; ৫। যুগ্মসচিব (শুদ্ধাচার), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
০৩.	কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন।	অভ্যন্তরীণ সম্পদ বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ৪৯ জনকে প্রত্যেক মাসে ইন হাউজ প্রশিক্ষণের মাধ্যমে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়। তাছাড়া আওতাধীন দপ্তর/সংস্থায় চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। সভাপতি এ বিভাগের কর্মকর্তা/ কর্মচারীদের নোট লিখন/উপস্থাপনের বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন উল্লেখ করে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের আয়োজন করার নির্দেশনা প্রদান করেন।	১) ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। ২) এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের নোট লিখনের উপর প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর; ২। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড; ৩। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল; ৪। প্রেসিডেন্ট ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যাল; ৫। যুগ্মসচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
০৪.	কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার ২য় ত্রৈমাসিকে এ বিভাগের প্রায় ৭০ জন কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এছাড়া দপ্তর/সংস্থা কর্তৃক সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।	২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মকর্তা/ কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।	১। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর; ২। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড; ৩। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল; ৪। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যাল; ৫। যুগ্মসচিব (শুদ্ধাচার), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

<u>ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ :</u>

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে

০৫.	সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাস্তবায়নে দৃশ্যমানকরণ।	সভাকে অবহিত করা হয় যে, ওয়েবসাইট/তথ্য বাতায়নে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বর দৃশ্যমান, শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স, অভিযোগ প্রতিকার সেবাবক্স ছাড়াও অন্যান্য সেবাবক্সগুলোও নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।	স্ব স্ব ওয়েবসাইটে/তথ্য বাতায়নে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ দৃশ্যমান রাখার প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।	সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা
০৬.	স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ		স্ব স্ব ওয়েবসাইট/তথ্য বাতায়নে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণের ধারা অব্যাহত রাখতে হবে।	সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা
০৭.	স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ		স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগদ করে ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করতে হবে।	সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা
০৮.	স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ		স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদ রাখার প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।	সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা
০৯.	স্ব স্ব ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ		স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদকরণের ধারা অব্যাহত রাখতে হবে।	সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা

<u>প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার:</u>

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১০.	প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন	জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন এবং এ বিভাগে প্রেরণের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।	প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করবেন।	সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড

১১.	মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ ও পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন	সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ/ পরিদর্শনের বিষয়ে এ বিভাগের এডিপি পর্যালোচনা সভায় আলোচনা হয়। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ/পরিদর্শনের বিষয়ে প্রকল্প পরিচালকগণ এ বিভাগকে অবহিত করার বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ/ পরিদর্শনের বিষয়ে প্রকল্প পরিচালকগণ এ বিভাগকে অবহিত করবেন।	১। যুগ্মসচিব (পরিকল্পনা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ; ২। প্রকল্প পরিচালক (সকল)।

<u>স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ</u> :

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১২.	শাখা/অধিশাখা/ আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন	সভাকে অবহিত করা হয় যে, এ বিভাগ হতে আওতাধীন/অধস্তন কার্যালয় ২ (দুই) বার পরিদর্শন করা হয়েছে এবং দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত ২য় ত্রৈমাসিক প্রতিবেদনে দেখা যায় দপ্তর/সংস্থা হতেও শাখা/ অধিশাখা/অধস্তন কার্যালয় পরিদর্শন করা হয়েছে।	আওতাধীন দপ্তর/ সংস্থা নিয়মিত পরিদর্শন/আকস্মিক পরিদর্শন করতে হবে।	১। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর; ২। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড; ৩। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল; ৪। প্রেসিডেন্ট ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যাল; ৫। যুগ্মসচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

<u>শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম:</u>

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১৩.	রাজস্ব আহরণে ই-পেমেন্ট চালু	সভাকে অবহিত করা হয় যে, রাজস্ব আহরণে ই-পেমেন্ট চালুর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রম সম্পর্কে এ বিভাগ-কে অবহিত করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে পত্র প্রেরণ করা হয়।	রাজস্ব আহরণে ই-পেমেন্ট চালুর বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।	১। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড; ২। সদস্য (কর ও মানবসম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড; ৩। সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড। ৪। যুগ্মসচিব (শুদ্ধাচার), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

<u>পরিবীক্ষণ ও মূল্যায়ন:</u>

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে

১৪.	নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ	সভাকে অবহিত করা হয় যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২য় ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল এবং এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। দপ্তর/সংস্থার ২য় ত্রৈমাসিক প্রতিবেদন এ বিভাগে পাওয়া গিয়েছে।	আওতাধীন দপ্তর/সংস্থার ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত দাখিল করতে হবে।	১। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর; ২। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড; ৩। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল; ৪। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যাল; ৫। যুগ্মসচিব (শুদ্ধাচার), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
১৫.	আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত/ দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান।	সভাকে অবহিত করা হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ২য় ত্রৈমাসিক প্রতিবেদনের উপর ফিডব্যাক সভা আহবান করা হয়নি। তবে ফিডব্যাক সভা আহবানের কার্যক্রম চলমান রয়েছে।	আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক প্রণীত/ দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক সভা যথাসময়ে করতে হবে।	যুগ্মসচিব ১। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর; ২। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড; ৩। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইবুন্যাল; ৪। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুন্যাল; ৫। যু্গ্মসচিব (শুদ্ধাচার), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৬.১৬.০০৭.২০.১০১

তারিখ: ৮ চৈত্র ১৪২৭
২২ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর
২) সদস্য, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
৩) সদস্য, শুল্ক ও ভ্যাট প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
৪) সদস্য, কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা, জাতীয় রাজস্ব বোর্ড
৫) প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইবুনাল

৬) প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল

৭) যুগ্ম সচিব, প্রশাসন অনুবিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

৮) প্রকল্প পরিচালক (সকল), ...।

৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

১০) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

১১) যুগ্মসচিব (শুদ্ধাচার) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

মোঃ আবদুল জব্বার
সিনিয়র সহকারী সচিব